3926

I 3273

200 Rs.

# INDIA NON JUDICIAL

२०० रु. Rs. 200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES

Under Rule 21 ... the Indian Stamp Act ... amended by Act. III ... Section 82 (1) of the Calcutta Improvement Act. 1911 Serial No. 23

Rs. 144 · P. 00

Stamp duty paid under the Indian Stamp Act as amended by Act. III of 1899 and also as amanded by W.B. Stamp Amendment Act. of 1964 Additional Duty paid under the Calcutta Improvement Act. 80 : 00

Paid in Excess.........

Total 224 : 00

Fee Paid.........

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.

A 25·50
S 50
26·00

... Kader
Self and on behalf of
Lalmon Bibi
Sakina Bibi
Arjina Bibi By
Power of Attorney

সাফ বিক্রয় কোবালা দলিল

মূল্য ৪০০০্ চারি হাজার টাকা মাত্র।

কোবালা গ্রহীতা ঃ — শ্রী বৈদ্যনাথ বসাক পিতা মৃত জহর লাল বসাক জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং ২৬।এ মগুন স্ট্রীট কলিকাতা ৬। হাল সাং ব্লক ৬এফ।৭ গাঙ্গুলী বাগান থানা যাদবপুর জেলা ২৪ পরগণা

কোবালা দাতা — ১। লালমোন বিবি স্বামী মৃত আব্দুল হবিব মোল্লা
২। সাকিনা বিবি স্বামী মজিবর রহমান
৩। আরজিনা খাতুন স্বামী আব্দুল কাদের ১।২।৩নং দাতার পিতা মৃত আব্দুল হবিব মোল্লা —
৪। সাফিকুন্নেছা বিবি স্বামী মৃত আব্দুল মোতালেব মোল্লা ৫। রহিমজান বিবি স্বামী আলি মহম্মদ
৬। সাকিরুন্নেছা বিবি স্বামী মৃত রওসন আলী

10378

Treasury, Alipur.

Presented for Registration at 2/0 A. M. or P. M. on the 11th day of July 1973 at the Office of the Joint Sub-Registrar Alipur at Alipur by Abdul Kader ... Executant or Claimant or attorney

Abdul Kader

(1) Abdul Kader S/o Late Abdul Motaleb Molla for self + also as constituted attorney for Lalman Bibi, Sokina Bibi + Azijna Bibi (2) Amirunnesa Bibi widow of Abdul Motaleb Molla (3) Rohamijan Bibi wife of Ali Mohammad (4) Sofirunnesa Bibi widow of Rowshan Ali (5) Abdur Rohim S/o Late Abdul Motaleb Molla all of 19 Nakhola Lane P.S. Jadabpur Dist 24 Pargs all by nation Muslim by profession Landholders

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.

Abdul Kader
Self and on Behalf of
Lalman Bibi
Sakina Bibi
Azijna Bibi
By Power Attorney

Power No. 113 Jan 1966

Ranjit Kum Das

Son/Wife of Lt. Kulla Chandra Das
N. D/6 Ramgarh Colony
Thana Cal-47
District 24 Pgs.
By Caste Hindu by Profession Busi

Sub-Registrar of Alipore at Alipore

20Rs.

बीस रुपया

२०रू.

भारत

INDIA

TWENTY RUPEES

20RS

।২।

Abdul Kader
Self and on Behalf
of Kalimon Bibi
Sakina Bibi
Atiyina Bibi by
Power of Attorney

পিতা মৃত আব্দুল মোতালেব মোল্লা
৭। আব্দুল কাদের ৮। আব্দুল রহিম উভয়ের পিতা
মৃত আব্দুল মোতালেব মোল্লা , সর্ব্ব জাতি মুসলমান
পেশা গৃহস্থালী ও বিষয়ের উপস্বত্ব ভোগী । সর্ব্ব সাং
১৯নং নাকতলা লেন থানা যাদবপুর জেলা ২৪ পরগণা
কলিকাতা ৪৭ ।

ক্যায় কলিকাতা কর্পোরেশনের অন্তর্ভুক্ত রায়ত স্থিতিবান স্বত্বীয় নিস্কর জমি জমা মায় আকর আওলাতাদি ও সর্ব্ব প্রকার যাতায়াতের ও ব্যবহারের ইজমেন্ট স্বত্বাদি ও বর্ত্ম স্বত্বাদি সহ আলো বাতাস আগম নিগমের সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্ব সহ দরবস্ত হক হকুক সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ -

জেলা ২৪ পরগণা থানা টালিগঞ্জ হাল যাদবপুর সবরেজেষ্ট্রী আলিপুর পরগণা

No. 10377 Baidyanath Basak
Sale No. ... Block 6F7, Ganguly Bagan
Jadavpur
For Rs. 20/-
Date 7/7/16 Stamp Clerk.
24-Parganas Treasury; Alipur.

11/7/16

— আমিরুন নেসা বিবি
— দঃ রঞ্জিত কুমার দাস



3746

— মনোয়ারা বিবি
— দঃ রঞ্জিত কুমার দাস



3747

শাকিরুন নেসা বিবি
দঃ রঞ্জিত কুমার দাস



3748



3749

আব্দুর রহিম

4 RS

INDIA

चार रुपया — FOUR RUPEES — भारत — FOUR RUPEES — चार रुपया

।৩।

Abdul Kader
Self and on Behalf of
Sabina Bibi
Sakina Bibi
Anjira Bibi By
Power of attorney

খাগপুর কালেক্টারীর ৫৬ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৩২ জেঃ এলঃ নং ২৪ মৌজা নাকতলা গ্রামের ১০১ নং খতিয়ান ভুক্ত ২.১২ শতক জমির মালিক জমিদার নবকিশোর মণ্ডল দিং অধিকারেররায়ত স্থিতিবান স্বত্বীয় নিস্কর স্বত্বীয় জমি জমা ও আরও অপরাপর জমি জমা সেখ সাদের মোল্লা, সেখ খাতের মোল্লা ও সেখ শুকুর মোল্লা নামীয় তিন ভ্রাতার স্বোপার্জ্জিত ও তুল্যাংশে মালিক দখলিয় সম্পত্তি থাকে । পরবর্ত্তী কালে উপরোক্ত তিন ভ্রাতা তাহাদের সমস্ত জমি জমা স্ব স্ব অংশানুযায়ী নিজেদের মধ্যে চিহ্নিত করিয়া এবং বিভাগ বন্টন করিয়া এবং তাহার আত্মীয় স্বজন ও হিতৈষী গণের মধ্যস্থতায় ভাল মন্দ বিবেচনা করিয়া উক্ত তিন ভ্রাতা আপোষে সমান তিন অংশে চিহ্নিত ও নির্দ্দিষ্ট করিয়া লয়েন এবং তদাদির উর্দ্ধকাল ঐ ভাবে মৌখিক বন্টন অনুযায়ী স্ব স্ব অংশের প্রাপ্ত যাবতীয় সম্পত্তি একে অপরের নিরাংশে ও জ্ঞাতসারে পৃথক ভাবে ভোগ

No. 10378

Sold to Baidyanath Basak

Block 6F/7 Ganguly Bagan,

of Jadavpur, 24-Pgs

For Rs 4/-

Date 9/7/73 ... Stamp Clerk.

24-Parganas Treasury, Alipur.

24-PARGANAS

11/7/73

দখল করিতে থাকেন। উক্তরূপে পৃথক বন্টন হওয়ার পর উপরোক্ত তিন ভ্রাতা মধ্যে কনিষ্ঠ শুকুর মোল্লা তৎপুত্র শেখ মফিজদ্দিন মোল্লাকে একমাত্র ওয়ারেশ উত্তরাধিকারী পুত্র রাখিয়া পরলোক গমন করিলে তৎত্যক্ত চিহ্নিত ১/৩ অংশের সম্পত্তি ঐ শেখ মফিজদ্দিন মোল্লা তাহার চিহ্নিত অংশে অন্যের নিরাপত্যে ভোগবান ও দখলিকার থাকেন। তৎপর জ্যেষ্ঠ সহোদর শেখ খাতের মোল্লার পরলোকান্তে উপরোক্ত সমুদয় সম্পত্তি মধ্যে তাহার চিহ্নিত ১/৩ অংশের সম্পত্তিতে তাহার দুই পুত্র অত্র কোবালা দাতাগণের পূর্বাধিকারীগণ আব্দুল হবিব মোল্লা ও আব্দুল মোতালেব মোল্লা তুল্যাংশে এজমালিতে এবং পূর্ব্বোক্ত অপর অংশের শরিকানের নিরাংশে নির্ব্বিবাদে ও নিরাপত্যে ও জ্ঞাত সারে পৃথক ভাবে ভোগবান ও দখলিকার থাকেন। উপরোক্তপ্রকারে পৃথক চিহ্নিত বন্টন স্বীকার করিয়া পূর্ব্বোক্ত তিন ভ্রাতার ওয়ারিশানগণ বিভিন্ন সময় বিভিন্ন দলিল মূলে বিভিন্ন সম্পত্তি কখনও শরিকানের নিকট এবং কখনও অপর লোকের নিকট অপরাপর অংশের মালিকগণের সম্পূর্ণ জ্ঞাতসারে হস্তান্তর করিয়া ঐ ঐ সম্পত্তি হইতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়াছেন এবং ঐ ঐ সম্পত্তির খরিদ্দারগণ নির্ব্বিবাদে তাহাদের খরিদা সম্পত্তি দান বিক্রয় বন্ধকাদির ক্ষমতা যুক্তে মালিক হইয়া পৃথক ভোগ দখল করিয়া আসিতেছেন। অতঃপর অপর ভ্রাতা শেখ সাদের মোল্লা তাহার ১/৩ অংশে প্রাপ্ত সম্পত্তি উপরোক্ত বন্টন মূলে পৃথক ভাবে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় তাহার পৌত্রী অর্থাৎ উক্ত সাদের মোল্লার মৃত পুত্র শেখ এনাজ আলির কন্যা শ্রীমতী রাহিলা খাতুন

Sub-[illegible] of Alipore at Alipore

11/7/73

Abdul Kader
Self and on Behalf of
Rahima Bibi
Sakina Bibi
Anjira Bibi By
Power of attorney

বিবিকে বিগত ইং ৬।১১।৩৩ তারিখে সমস্ত সরিকের জ্ঞাতসারে আলিপুর ডিঃ সবরেজেষ্ট্রী আফিসের ১নং বহির ৭০নং ভলিউমের ১৬৭ হইতে ১৮৭ পাতায় লিখিত সন ১৯৩৩ সালের ৪২৮২ নং এক কেতা হেবাবিল এওয়াজ দলিল মূলে দান করিয়া তাহাকে দখল অর্পন করেন। এবং উক্ত রাহিলা খাতুন বিবি ও ছুরাতন বিবি তাহার প্রাপ্য সমস্ত সম্পত্তি মধ্যে ১০০ ও ১০১ নং খতিয়ানের ৪৪৪ নং দাগের ভদ্রাসন ব্যতিত অপরাপর তাহাদের প্রাপ্য সম্পত্তি বিক্রয় করিয়া দখলচ্যুত হয়েন। এবং উক্ত জমির খরিদারগণ তাহাদের খরিদা সত্ত্ব পূর্ন পরিচালনায় ভোগবান ও দখলিকার আছেন।

উক্ত খাতের মোল্লার ওয়ারেশ আবদুল হবিব মোল্লা ও আব্দুল মোতালেব মোল্লা উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকা অবস্থায় গত ডিষ্ট্রিক্ট সেটেলমেন্ট জরিপে উপরোক্ত ১০১ নং খতিয়ানের ২.১২ শতক জমি জমা মধ্যে ছাদের মোল্লার নামে ।/৬।।/।। আবদুল হবিব মোল্লার নামে ৵১৩।/ আবদুল মোতালেব মোল্লার নামে ৵১৩।/ ছুরাতনন্নেছা বিবির নামে ৵১৩।/ ও রাহিলা খতুন বিবির নামে ৵১৩।/ অংশে শুদ্ধ মতে রেকর্ড হইয়া চুড়ান্ত রূপে প্রকাশিত ও পরিচিত হইয়াছে।

তৎপর উক্ত আবদুল হবিবর মোল্লা আমরা ১নং কোবালা দাত্রীকে স্ত্রী ও ২।৩ নং কোবালা দাত্রীকে কন্যা মুখ্য ওয়ারিশ বিদ্যমানে অপর কোন ওয়ারিশ না রাখিয়া পরলোক গমন করিলে আমরা ১।২।৩ নং কোবালা দাত্রীগণ উক্ত আবদুল কবিবর মোল্লার পরিত্যাক্ত উক্ত ১০১ নং খতিয়ানের ৵১৩।/

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas

ক্রান্তি অংশের সম্পত্তির মালিক ও স্বত্বাধিকারী হইতেছি। এবং উক্ত আব্দুল মোতালেব মোল্লা আমরা ৪। দাত্রীকে স্ত্রী ৫।৬ নং দাত্রীকে দুই কন্যা ও ৭।৮ নং দাতাকে দুই পুত্র এই ৫ জনকে মুখ্য ওয়ারিশ বিদ্যমানে কোন প্রকার উইল আদি না করিয়া পরলোক গমন করিলে আমরা ৪।৫।৬।৭।৮ নং কোবালা দাতা ও দাত্রীগণ উক্ত আব্দুল মোতালেব মোল্লার উক্ত ১০১ নং খতিয়ানের ৴১৩১/ ক্রান্তি অংশের মালিক ও স্বত্বাধিকারী হইতেছি ও আছি।

উক্ত খতিয়ানের ৪৪২ দাগের .৬৩ শতক ও ৪৪৫ নং দাগের .৩০ শতক ডাঙ্গা জমি উক্ত আব্দুল কবিরর মোল্লা ও আব্দুল মোতালেব মোল্লার নামে দখলিকার উল্লেখে রেকর্ড হইয়াছে। সেমতে উক্ত দাগের জমি জমা ১।২।৩ দাতার ।।০ আনা ও ৪।৫।৬।৭।৮ নং দাতাগণের ।।০ আনা অংশ হইতেছি। এবং আমরা অত্র দাতাগণ উক্ত জমিতে অন্যের নিবাংশে ও নির্বিবাদে ভোগ দখল করিয়া আসিতে থাকা অবস্থায় উক্ত জমি ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া ইতিপূর্বে কিছু জমি বিক্রয় করিয়াছি এবং বক্রি জমিতে আমাদের এজমালি খাস দখল বিদ্যমান আছে।

বর্তমানে আমাদের নানা প্রকার বৈধ ও সঙ্গত কারণে উক্ত জমি জমা মধ্যে আমার কৃত প্ল্যানের একটি প্লট যাহার পরিমান /৩/৩২ তিন কাঠা দুই ছটাক বত্রিশ স্কোয়ার হইতেছে মায় আমাদের স্কীমের ১২ বার ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা অত্র সাথ ও অত্র কোবালা দলিলের একাংশ গণ্য নক্সায় লাল রংয়ের সীমারেখা

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas

11/7/73

চিহ্নিত ও প্রদর্শিত হইল তাহা বিক্রয় করিব ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা তাহা অবগত হইয়া উক্ত নাকতলা মৌজার ১০১ নং খতিয়ানের ৪৪৫ নং দাগের উপরোক্ত ৩/৩২ বর্গ ফুট জমির বর্তমান বাজার উচিত সর্বোচ্চ মূল্য আমাদের যাচিত মং ৪০০০্ চারি হাজার টাকা পন মূল্যে খরিদ করিবার ইচ্ছা প্রকাশ করায় আমরা তাহাতে সম্মত ও রাজী থাকিয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পনের সাকুল্য মং ৪০০০্ চারি হাজার টাকা নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে - বিক্রিত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব ও দখলিধিকার ছিল বা আছে তৎসমুদয় অত্র কোবালা মূলে আমাদিগ হইতে চিরতরে ধ্বংশ ও বিলুপ্ত হইয়া আপনার প্রতি বর্তিল ও অর্পিল। আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া মালিক সরকারে ও কলিকাতা কর্পোরেশনে নিজ নাম পত্তন করিয়া ট্যাক্স আদি আদায়ে উহা কাটিয়া ভরিয়া বাগ বাগিচা বানাইয়া জমির উন্নতি সাধন করিয়া উহাতে কাঁচা পাকা গৃহাদি নির্মানে কূপ নলকূপ ড্রেন আণ্ডার ড্রেন পায়খানা ইত্যাদি খননে বৈদ্যুতিক তার ও জলের কলের কানেকসান আদি লইয়া যদৃচ্ছামত ব্যবহারে দান বিক্রয় বন্ধকাদি সর্বপ্রকার হস্তান্তর রূপান্তর ও অবস্থান্তর করণের উপযুক্ত ক্ষমতা ধারণে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমরা

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.

11/7/23

মায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কস্মিন কালেও কোনও প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্বদা সর্বথা সর্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে। তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তি আমরা ইতি পূর্বে অন্য কোন স্থানে দান বিক্রয় বন্ধক আদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা হস্তান্তর করিবার নিমিত্ত অপর কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তি বা বায়না করি নাই বা উহাতে আমাদের অপর কোন সরিক বা অংশীদার নাই বা আমরা কাহারও বেনামদার নহি। বিক্রিত সম্পত্তি কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে বা নিলাম বিক্রয় হয় নাই বা উহাতে কোন নিষেধাজ্ঞা জারী নাই বা কোন জামিনাবদ্ধ নাই বা উহাতে কোন চার্জ বা লিয়েন নাই বা সরকার বাহাদুর হইতে বা কোন যৌথ প্রতিষ্ঠান হইতে কোন প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা উহা কোন দেবোত্তর পীরোত্তর বা ওয়াকাফ ষ্টেট ভুক্ত নহে। উহা সম্পূর্ণ নির্দায় নির্দোষ মুক্ত অবস্থায় আমাদের খাস দখলে বিদ্যমান থাকা অবস্থায় অত্র কোবালা মূলে আপনাকে বিক্রয় করিয়া বিক্রিত জমি জমা হইতে আমরা মায় আমাদের ওয়ারিশান ও স্থলবর্তিগণ ক্রমে এক কালিন চিরতরে নিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হইলাম ও আপনাকে অদ্য তারিখে খাস দখল প্রদান করিলাম। আপনি আমাদের কথার সরল বিশ্বাসে কোন প্রকার তল্লাসাদি না করিয়া উহা খরিদ করিলেন। যদ্যপি বিষয়তে আমাদের উপরোক্ত কোন উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রকাশিত হইয়া বা আমাদের কৃত কোন কার্য্যের জন্য বা আমাদের অপর কোন সরিক বা ওয়ারিশ বাহির হইয়া আপনার ভোগ

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.

11/7/23

কোন বিঘ্ন জন্মায় বা আপনি উহা হইতে বা উহার কোন অংশ হইতে বেদখল হয়েন তাহা হইলে আমরা মাফিক আইন আমলে আসিয়া দায়ী ও দণ্ডনীয় হইব এবং আপনার প্রদত্ত পণের সাকুল্য টাকা সায় যাবতীয় ক্ষতি পুরণ সহ এক কালিন ফেরত দিতে মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

ভুল ভ্রান্তি বশতঃ ভবিষ্যতে আমাদের দ্বারা কোন প্রকার সংশোধন দলিল করার আবশ্যক হয় তাহা হইলে আপনার তলবে ও আপনার খরচায় কোন প্রকার বাড়তি পন দাবী না করিয়া যে কোন প্রকার সংশোধন বা পরিপুরক দলিল করিয়া দিতে মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

আমাদের দলিল পত্র কাগজাদিতে আরও সম্পত্তি থাকায় তাহা আপনাকে দেওয়া গেল না আপনার আবশ্যকে ও তলবে যে কোন আফিস আদালতে দাখিল করিতে ও দর্শাইতে মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া ও পড়াইয়া শুনিয়া বুঝিয়া এবং পণের সাকুল্য টাকা নিম্ন জায় মোতাবেক নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৯৭৩ সালের ১১ ই জুলাই মোতাবেক বাংলা ১৩৮০ সালের ২৬ শে আষাঢ়।

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas

11/7/23

১০।

Abdul Malek
Self and on behalf of
Rokeya Bibi
Salina Bibi
Anjira Bibi By
Power attorney

## তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় -

জেলা ২৪ পরগণা থানা টালিগঞ্জ হাল যাদবপুর সবরেজেষ্ট্রী আলিপুর পরগণা খাসপুর কালেক্টারীর ৫৬ নং তৌজি ভুক্ত ডিঃ সেটেলমেন্ট জরিপের রেঃ সাঃ নং ২৪ জেঃ এলঃ নং ৩২ মৌজা নাকতলা গ্রামের ১০১ নং খতিয়ান ভুক্ত বায়ত স্থিতিবান স্বত্বীয় নিস্কর জমির মালিক বাওয়ালী নিবাসী নবকিশোর মণ্ডল দিগর অধিন ২.১২ শতক জমি জমা হইতে -

| খতিয়ান | দাগনং | রকম | পরিমান |
|---|---|---|---|
| ১০১ | ৪৪৫ চারশত পঁয়তাল্লিশ | ডাঙ্গা | .৩০ শতক |

মধ্যে আমাদের কৃত নক্সানুযায়ী প্ল্যানে /৩/৩২ তিন কাঠা দুই ছটাক বত্রিশ স্কোয়ার ফুট ভুমি সায় বিক্রিত জমির উত্তর দিকে ১২ বার ফুট প্রশস্থ কমন প্যাসেজের যাবতীয় যানবাহান চলাচলের ও যাবতীয় কানেকসান লওয়ার ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্ব সহ ও সাকুর আওলাতাদি সহ দরবস্থ হক হকুক বিক্রিত সম্পত্তি হইতেছে। যাহা অত্র সাথ ও অত্র কোবালা দলিলের একাংশ গণ্য নক্সায় লাল রংয়ের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত হইল। যাহা কলিকাতা করপরেশনের ১১ নং নাকতলা লেন প্রেমিসেস ভুক্ত হইতেছে।

### ইহার চৌহদ্দি -

উত্তর - ১২ ফুট প্রশস্থ কমন প্যাসেজ -

দক্ষিণ ও পশ্চিম - ৪৪৪ দাগের জমি

পূর্ব - ৪৪৫ নং দাগের বক্রি জমি।

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.

11/5/23

Abdul Rahim
Self and on Behalf of
Rahima Bibi
Sakina Bibi
Rijia Bibi
Rani ... by Attorney

টাকার জায় –

অদ্য তারিখে ১০০ টাকার নোট ৪০ কেতা – ৪০০০ টাকা

সবলগে চারি হাজার টাকা মাত্র।

আবদুর রহিম

সাক্ষী
শ্রী ... দাস
১/১৫০ রামগড় কলোনী
কলিকাতা ৪৭

শ্রী অনিল চন্দ্র ঘোষ
২২৫ রামগড় কলোনী
কলিকাতা ৪৭

টাইপ কারক
আলিপুর পুলিশ কোর্ট –

Rs 2-50
Paid
8/8/73

Book No 1
Volume No 69
Pages 116 to 123
Being No 3273
for the year 1973

11/7/73

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.

SEAL OF THE SUB-ASSESSOR COLLECTOR

Sub-Registrar of Alipore at Alipore
Dist- 24 Parganas.
28-7-73


18.11.73

N


SITE PLAN OF CS DAG NO. 445 (PART) IN MOUZA NAKTALA
J.L. NO. 32 PS JADAVPUR DT. 24 PGS.
SCALE 30'-0 = 1" IN

AREA OF MORE OR LESS 3K 2CH 32 SFT. SOLD MARKED RED

VENDOR'S SIGNATURE




DRAWN BY



Sub-Regis[illegible] of Alipore at Alipore
Dist. 24 Parganas.

Plan attached to

Book No I

Volume No 69

Pages 119

Being No 3273

For the year 1973

[illegible]

28.7.73